

আল-মুরসালাত | Al-Mursalat | الْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ৮১

আরবি মূল আয়াত:

إِنَّ الْمُتَّقِينَ فِي ظِلٍّ وَ عِيُونٍ ﴿٢١﴾

Aর্থ অনুবাদসমূহ:

নিশ্চয় মুত্তাকীরা থাকবে ছায়া ও ঝর্ণাবহুল স্থানে, — আল-বায়ান

মুত্তাকীরা থাকবে ছায়া আর ঝর্ণাধারার মাঝে, — তাইসিরুল

মুত্তাকীরা থাকবে ছায়ায় ও প্রস্তরণ বহুল স্থানে। — মুজিবুর রহমান

Indeed, the righteous will be among shades and springs — Sahih International

৮১. নিশ্চয় মুত্তাকীরা(১) থাকবে ছায়ায় ও প্রস্তরণ বহুল স্থানে,

(১) মুত্তাকী শব্দ বলে এখানে সেসব লোকদের বুঝানো হয়েছে যারা আখেরাতকে মিথ্যা বলে অস্বীকার করা থেকে বিরত থেকেছে এবং আখেরাতকে মেনে নিয়ে এ বিশ্বাসে জীবন ধাপন করেছে যে, আখেরাতে আমাদেরকে নিজেদের কথাবার্তা, কাজ-কর্ম এবং স্বভাব চরিত্র ও কর্মকাণ্ডের জন্য জবাবদিহি করতে হবে। তাই কথাবার্তা, কাজকর্মে সত্যবাদিতার প্রমাণ রেখেছে এবং তারা ফরয ও ওয়াজিব সঠিক মত আদায় করেছে। [দেখুন: সাদী]

তাফসীরে জাকারিয়া

(৮১) আল্লাহ-ভীরুর থাকবে ছায়া[১] ও ঝরনাসমূহে।

[১] অর্থাৎ, বৃক্ষাদি এবং অট্টালিকার ছায়া। মুশরিকদের ন্যায় আগুনের ধোঁয়ার ছায়া হবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5663>

ৱ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন